



জাতিসংঘের প্রতিবেদনকে 'ঐতিহাসিক' আখ্যা, পূর্ণাঙ্গ রায় প্রকাশ



সংগৃহীত ছবি

জুলাই গণহত্যা ও গণঅভ্যুত্থানের সময় সংঘটিত হত্যাকাণ্ড ও মানবাধিকার লঙ্ঘনের বিষয়ে হাইকোর্টের পূর্ণাঙ্গ রায় প্রকাশিত হয়েছে। জাতিসংঘ মানবাধিকার কমিশনের প্রতিবেদনকে 'ঐতিহাসিক রিপোর্ট' হিসেবে স্বীকৃতি দিয়ে বুধবার (১৯ নভেম্বর) সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে এ রায় প্রকাশ করা হয়।

গত বছর আগস্টে গণঅভ্যুত্থান চলাকালে মানবাধিকার লঙ্ঘন সম্পর্কিত জাতিসংঘের প্রতিবেদনকে 'ঐতিহাসিক দলিল' ঘোষণা করেছিলেন বিচারপতি ফাহিমদা কাদের ও বিচারপতি সৈয়দ জাহেদ মনসুরের নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চ। সুপ্রিম কোর্টের আইনজীবী মো. তানভীর আহমেদের রিটের শুনানি শেষে এই রায় দেওয়া হয়।

নতুন প্রকাশিত পূর্ণাঙ্গ রায়ের প্রতিবেদনটি 'জুলাই বিপ্লব-২০২৪' শিরোনামে সরকারি গেজেট আকারে প্রকাশ করার নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি দলিলটি জাতীয় আর্কাইভ, সরকারি লাইব্রেরি এবং অন্যান্য রাষ্ট্রীয় সংরক্ষণাগারে সংরক্ষণের নির্দেশ দেওয়া হয়েছে, যাতে তা গবেষণা, জনসচেতনতা এবং ভবিষ্যৎ আইনি প্রক্রিয়ায় সহজে ব্যবহার করা যায়। সরকারি ওয়েবসাইটেও প্রতিবেদনটি উন্মুক্ত করার নির্দেশ দিয়েছে আদালত।